দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... APR 1 0 2000 ..
পৃষ্ঠা ৪ ... কলাম ৩ ......

৭৭

## উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস প্রয়োজন

প্রতিটি জেলায় মাধ্যমিক বিদ্যালয়ের জন্য জেলা শিক্ষা অফিস এবং প্রাথমিক বিদ্যালয়ের জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিস রহিয়াছে। জেলা শিক্ষা অফিসার শুধু জেলার মধ্যে মাধ্যমিক বিদ্যালয়সমূহের দেখাশোনা ছাড়াও যে কোন প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনসহ প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা দিতে পারেন। মাধ্যমিক বিদ্যালয়সমূহের জন্য উপজেলা পর্যায়ে কোন দপ্তর ও কর্মকর্তা নাই। একটি জেলার প্রত্যন্ত এলাকার শিক্ষকদের জেলা শিক্ষা অফিস হইতে সর্বপ্রকার কাজ সম্পন্ন করিতে গিয়া বিভিন্ন সমস্যার সম্মুখীন হইতে হয়। অথচ উপজেলা পর্যায়ে মাধ্যমিক শিক্ষা অফিস থাকিলে উপজেলার মাধ্যমিক শিক্ষকগণ তাঁহাদের ছোটখাট কাজ সারিতে পারিতেন। প্রতিটি উপজেলায় মাধ্যমিক শিক্ষা অফিস স্থাপন বর্তমান সময়ের গুরুত্বপূর্ণ একটি দাবী। তাহাছাড়া উপজেলা শিক্ষা অফিস হইতে যেহেতু মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের কোন কাজ হয় না, সেহেতু উপজেলা শিক্ষা অফিসের নাম পরিবর্তন করিয়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস রাখা যাইতে পারে। উল্লিখিত বিষয় দুইটির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**মিজানুর রহমান,**
সহকারী প্রধান শিক্ষক,
শ্রীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,
ডাকঃ পান্টী, জেলাঃ কুষ্টিয়া।